# ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত

ফেব্রুয়ারি ৭, ২০২০




"জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও ডিজিটাল বাংলাদেশ গড়তে বেসরকারী বিশ্ববিদ্যালয় গুলোকে অধিকতর কার্যকর ভূমিকা পালন করতে হবে"। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাদানি এভিনিউস্থ ক্যাম্পাসে সভাপতির বক্তৃতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি (এমপি) এ কথা বলেন।

সভাপতির বক্তৃতায় মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি (এমপি) আরোও বলেন, "একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলা ও চতুর্থ শিল্প বিপ্লবের জন্য উপযোগী জ্ঞান, কর্মজগতের চাহিদা অনুযায়ী দক্ষতা এবং সাফল্যের জন্য প্রয়োজনীয় যথাযথ মনোভাবের সুসমন্বয়ে শিক্ষার্থীদের গড়ে তুলতে হবে যোগ্য মানব সম্পদ হিসাবে। শিক্ষার্থীদের কল্যাণমুখী ও প্রায়োগিক গবেষণা করতে উৎসাহী করতে হবে যেন দেশ গঠনে তারা ভূমিকা পালন করতে পারে। বিশ্ববিদ্যালয়গুলোকে এক্ষেত্রে যথাযথ ভুমিকা পালন করতে হবে"।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের পক্ষে তাঁর প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. গওহর রিজভী।

সমাবর্তন অনুষ্ঠানে ২৩৫২ জন শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন ও পোষ্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য চারজন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়। সমাবর্তন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান জনাব হাসান মাহমুদ রাজা। সমাবর্তন বক্তা হিসেবে অধ্যাপক ড. গওহর রিজভী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, এই অর্জিত জ্ঞান শুধুমাত্র সার্টিফিকেট লাভের উদ্দেশ্যে সীমাবদ্ধ না রেখে দেশ এবং জাতির সেবায় আত্মনিয়োগ করতে হবে।

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান শিক্ষার্থীদেরকে ভালো মানুষ হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের মানুষের কল্যাণে নিজেদেরকে আত্মনিয়োগ করার আহবান জানান। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. হাসনান আহমেদ, ইউনিভার্সিটির ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠান সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য সভাপতি, সমাবর্তন বক্তা, বিশ্ববিদ্যালয়ের ডীন, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা- কর্মচারী, সাংবাদিক ও আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

সমাবর্তন অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্যবৃন্দ, সকল অনুষদের ডীন, বিভাগীয় প্রধানগণ, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক, শিক্ষাবিদ ও সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।